গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোল্লাহাট, বাগেরহাট।
mollahat.bagerhat.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.০১৫৬.০০০.০১.০০৪.২০. ২৮৫ তারিখ: ১৬ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (দফাদার ও মহল্লাদার) শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১১ এর তফসিল-১ (১২ জুলাই, ২০১৬ তারিখের এস,আর,ও নং-২২৭, আইন/২০১৬ দ্বারা সংশোধীত) এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলি সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (০৩ জুলাই, ২০১৭ তারিখের এস আর ও নং-২৩২, আইন/২০১৭ দ্বারা সংশোধিত) এর বিধি ৭(২) অনুযায়ী মোল্লাহাট উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নের মহল্লাদার এর শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর	বেতন		সর্বমোট
					সরকারি অংশ (৫০%) টাকা	ইউনিয়ন পরিষদের অংশ (৫০%) টাকা	১০০% টাকা
০১	মহল্লাদার	১ নং উদয়পুর	০১	০৪ নং ওয়ার্ড	৩,২৫০/-	৩,২৫০/-	৬,৫০০/-
০২	মহল্লাদার	২ নং চুনখোলা	০১	৩নং ওয়ার্ড	৩,২৫০/-	৩,২৫০/-	৬,৫০০/-
০৩	মহল্লাদার	৩ নং গাংনী	০১	২ নং ওয়ার্ড	৩,২৫০/-	৩,২৫০/-	৬,৫০০/-
০৪	মহল্লাদার	৫ নং গাওলা	০৪	১ নং ওয়ার্ড	৩,২৫০/-	৩,২৫০/-	৬,৫০০/-
				৩ নং ওয়ার্ড	৩,২৫০/-	৩,২৫০/-	৬,৫০০/-
				৪ নং ওয়ার্ড	৩,২৫০/-	৩,২৫০/-	৬,৫০০/-
				৬ নং ওয়ার্ড	৩,২৫০/-	৩,২৫০/-	৬,৫০০/-
০৫	মহল্লাদার	৭ নং কোদালিয়া	০১	৯নং ওয়ার্ড	৩,২৫০/-	৩,২৫০/-	৬,৫০০/-

নিয়োগের শর্তাবলি :

০১। প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব ইউনিয়নের/ সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৩। ০১ জুন, ২০২৩ খ্রি তারিখ প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীর ক্ষেত্রে বয়স ৩২ বছরের মধ্যে হতে হবে।

০৪। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা সর্বনিম্ন ৫ফুট ২ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং ওজন সর্বনিম্ন ৫০ কেজি হতে হবে।

০৫। মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা সর্বনিম্ন ৫ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) এবং ওজন সর্বনিম্ন ৪৫ কেজি হতে হবে।

০৬। আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি সংযুক্ত করতে হবে।

০৭। ছবি ও সনদ পত্রাদি সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারীর নামযুক্ত সীল থাকতে হবে।

০৮। আগ্রহী প্রার্থীকে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১০। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত/ প্রমাণপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১১। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। অগ্রিম কপি গ্রহণ করা হবে না এবং বয়সের ক্ষেত্রে শিথিলযোগ্য নয়।

১২। যে কোনো তফসিলভূক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, মোল্লাহাট বরাবর ১০০(একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/ পে অর্ডার আবেদনের সংগে সংযুক্ত করতে হবে।

১৩। আবেদনপত্র ২৬জুন, ২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে। তবে প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত খামের উপরে মোটা অক্ষরে **ইউনিয়ন, ওয়ার্ডের নাম ও নম্বর লিখতে হবে।**

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে কোনো আবেদনপত্র পৌঁছালে বা পাওয়া গেলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। আবেদনপত্রের সাথে প্রার্থীকে ডাক যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০.০০ (দশ) টাকার ডাক টিকিটযুক্ত ১০ × ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম যুক্ত করতে হবে।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো কারণে এ নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

১৭। প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় (লিখিত, মৌখিক, শারীরিক যোগ্যতা যাচাই) অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবেনা।

(খন্দকার রবিউল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
দফাদার ও মহল্লাদার পদে নিয়োগের বাছাই কমিটি
মোল্লাহাট, বাগেরহাট।
ফোন- ০২৪৭৭৭ ৫৪৬৯৯
unomollahat@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.০১৫৬.০০০.০১.০০৪.২০.২৮৫

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। উপপরিচালক, স্থানীয় সরকার ,বাগেরহাট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট।
০৪। অফিসার ইনচার্জ, মোল্লাহাট থানা, মোল্লাহাট।
০৫। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মোল্লাহাট।
০৬। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোল্লাহাট তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েভ পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৭। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), মোল্লাহাট তাঁকে বিজ্ঞপ্তটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, মোল্লাহাট।
০৯। সচিব, ... ইউনিয়ন পরিষদ (সকল), মোল্লাহাট (বিজ্ঞপ্তিটি হাট-বাজারে ব্যাপক প্রচারের জন্য)।
১০। উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার.... ইউনিয়ন পরিষদ (সকল), মোল্লাহাট।(ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশের জন্য)।
১১। সভাপতি, মোল্লাহাট প্রেস ক্লাব, প্রেস ক্লাব মোল্লাহাট তাঁকে বিজ্ঞপ্তিটি স্থানীয় পত্রিকায় সৌজন্যমূলক সংখ্যায় ০১ (এক) দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব ....
১৩। নোটিশ বোর্ড।
১৪। অফিস কপি।

৩০/০৫/২০২৩

(খন্দকার রবিউল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মোল্লাহাট, বাগেরহাট।